



ইসলামী শরীয়াভিত্তিক গরু ফার্ম

স্থান: টাংগাইল

ফার্ম সাইজ: ১০ টা গরু

ইউনিট: ৩৫ হাজার টাকা প্রতি শেয়ার

আমাদের বাংলাদেশে কৃষি অর্থনীতির উন্নয়নে সবচেয়ে বড় ভূমিকা পালন করে আমাদের দেশের প্রান্তিক কৃষকেরা কিন্তু সময়মতো পর্যাপ্ত অর্থ এবং পরামর্শ সহায়তার অভাবে তাদের গতানুগতিক চাষবাসে জীবনযাত্রার মানে তেমন কোন পরির্তন ঘটে না। আমরা ফার্মনেট লিমিটেড দেশের প্রান্তিক কৃষক এবং খামারীদের সাথে পার্টনারশিপ গিয়ে তাদের সংঘবদ্ধ করে তাদের খামার এবং চাষাবাদের প্রয়োজনীয় সকল উপকরণের জন্য অর্থের যোগান, পরামর্শ, ইনসুরেন্স এবং বাজারে তাদের উৎপাদিত নিরাপদ খাদ্য পণ্য সরাসরিভাবে ভোক্তাদের কাছে পৌঁছে দিতে কাজ করে যাচ্ছি। যেখানে আপনি আমাদের মাধ্যমে সরাসরিভাবে কৃষকদের বিনিয়োগ করে তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন সেইসাথে আপনার বিনিয়োগকৃত অর্থ থেকে হালালভাবে প্রফিট শেয়ার নিশ্চিত করতে পারবেন।

কেননা আপনার কষ্টের টাকা ব্যাংকে ফেলে না রেখে আমাদের মাধ্যমে সরাসরি কৃষককে ইনভেস্ট করতে পারেন, এবং পেতে পারেন শরীয়া অনুযায়ী হালাল লভ্যাংশ। অভিজ্ঞ কৃষক সিলেকশন এবং ভেরিফাই করতে সহায়তা করবেন একজন উপজেলা প্রানিসম্পদ বিভাগের সহকারী কর্মকর্তা সহ আমাদের অভিজ্ঞ টিম। আপনার শহুরে জীবনযাপন থেকে রিয়েললাইফ ফার্মিংয়ের এক্সপেরিয়েন্স দিতেই কাজ করে যাচ্ছি আমরা যেখানে আপনি আপনার ফার্মিংয়ের প্রত্যকটা ধাপ ট্রেস করতে পারবেন।

আমাদের ফার্মের লোকেশন

টাংগাইল জেলায় দেলদুয়ার এবং সদর উপজেলার কৃষক ও আমাদের সদস্যের টিম নিয়ে প্রফিট শেয়ারিং পদ্ধতিতে গরু মোটোভাজাকরণ নিয়ে কাজ শুরু করেছি। যেখানে আমরা সবসময়ই প্রাধান্য দিচ্ছি কৃষক কে।

আমাদের অভিজ্ঞ কৃষক এবং খামারী সিলেকশন এ আমরা যা বিবেচনা করেছি:

অভিজ্ঞতা:

- যারা ইতিপূর্বেও কমপক্ষে ৩ বছর গরু পালন করেছে।

FarmNet Smart AgriTech and Farmer Support Limited.
Connecting Farmers, Investors And Consumers.
Certificate Of Incorporation No. C-175112/2021
TIN No. 277537226046

Operating Office :
Gomjani, Atia-1900 Delduar,
Tangail, Bangladesh.
+880 1893-732213

- নিরাপদ ও পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা আছে এমন জায়গায় সেড করা হয়েছে।

গরু নির্বাচন:

প্রতিটি গরুর কেনার সময় (আনুমানিক)

- জাত: ক্রস শাঁড় গরু
- বয়স: ১.৫ থেকে ২ বছর হবে।
- দাঁতের সংখ্যা: ২ টি বা অধিক।
- ওজন: ১২০-১৩০ কেজি।
- রং: লাল বা কালো কিংবা অনন্য
- দাম: ৬০ হাজার টাকা (আনুমানিক)

ইনভেস্টমেন্ট এর টাকা কিভাবে ব্যবহার হবে:

ইনভেস্টমেন্ট এর টাকা দিয়ে আমরা প্রান্তিক কৃষকদের খামারে গরু কিনে দেব। তারা ১০ মাস সেই গরুর পরিচর্যা করে মোটাতাজাকরন করবে। উপজেলা প্রানিসম্পদ বিভাগের একজন দক্ষ চিকিৎসকের সহযোগীতায় আমাদের ফার্মনেটের টিম মেম্বারের একজন সবসময় গাইড করবেন সেই কৃষকদের। যেখানে, আমরা গরুকে পরিমিত মাত্রায় সুশ্রম খাদ্য প্রদানের ব্যবস্থা করবো সেইসাথে ভেটেনারি ডাক্তারের পরামর্শে ভ্যাক্সিন বা মেডিসিন গরুকে দেয়া হবে।

ফাইন্যান্সিয়াল এনালাইসিস:

খরচের বিবরণ (প্রতি গরু)	টাকা	মন্তব্য
গরুর ক্রয় মূল্য	৬০০০০/-	(আনুমানিক ওজন ১১০-১৩০ কেজি)
গরু কেনা এবং বেচা বাবদ পরিবহন,হাসিল/মুসুক	৪২০০ /-	প্রতি গরু

কাচা ঘাস এবং খড়	৯০০০/-	দশ মাসে মোট খরচ গরু প্রতি
মেডিসিন,ডাক্তার,ভ্যাক্সিন	২০০০/-	দশ মাসে মোট খরচ গরু প্রতি
খাবার (কুড়া,ভুসি এবং ফিড)	২৬৭০০/-	দশ মাসে মোট খরচ গরু প্রতি
কারেন্ট বিল	১০০০/-	দশ মাসে মোট খরচ গরু প্রতি
প্রতিটি গরুর মোট খরচ	১০২৯০০/-	প্রতিটি গরুর ইনভেস্টমেন্ট এমআউন্ট
আনুমানিক বিক্রয় মূল্য	১৪০০০০/- থেকে ১৫০০০০/-	(আনুমানিক ওজন ৩২০-৩৪০ কেজি)
নেট প্রফিট	৩৭১০০/- থেকে ৪৭১০০/-	প্রকল্প মেয়াদঃদশ মাস (কুরবানি)
নেট প্রফিট	৩৫%-৪৫%	দশ মাসে গরু প্রতি
নেট প্রফিট গরু প্রতি (ফার্মার) মোট লাভের ৫০%	১৭.৫%-২২.৫%	১৮৫৫০/- থেকে ২৩৫৫০/-
নেট প্রফিট গরু প্রতি ইনভেস্টর মোট লাভের ৪০%	১৪.৫%-১৮.৩%	১৪৮৪০/- থেকে ১৮৮৪০/-
নেট প্রফিট গরু প্রতি ফার্মনেট মোট লাভের ১০%	৩.৬%-৪.৬%	৩৭১০/- থেকে ৪৭১০/-



পেমেন্ট পলিসি:

সর্বনিম্ন ১টা শেয়ারে ইনভেস্ট করা যাবে। ফার্মনেট এর ব্যাংক একাউন্টের মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে। এগ্রিমেন্ট পেপার ১ মাসের মধ্যে ইনভেস্টরের ইমেইল পৌঁছে যাবে।

রিটার্ন পলিসি: কোন ইনভেস্টমেন্ট ম্যাচিউর হবার আগেই বাতিল করা যাবে না। যদি প্রজেক্টে টাকা খরচ না হয়ে থাকে তাহলে টাকা রিটার্ন করা যেতে পারে আলোচনা সাপেক্ষ। কিন্তু প্রজেক্ট শুরু হয়ে গেলে তা আর রিটার্ন করার সুবিধা থাকবে না।

ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি ও প্রফিট ডিসবারসমেন্ট:

এই ইনভেস্টমেন্ট এর সময়কাল হবে ১০ মাস। শরিয়া অনুযায়ী লাভ এবং লস সমান ভাবে ভাগ হবে যেখানে ফার্মনেট লিঃ ইনভেস্টরের মোট লাভের ১০% সার্ভিস চার্জ হিসেবে পাবে। এখানে ইনভেস্টর একটা খামারের মোট ১০ টি গরুর উপর বা পুরো পোর্টফলিওর উপর ইনভেস্ট করছেন স্পেসিফিক কোন গরুর উপর নয়। লাভ লস পুরো প্রজেক্টের সকল গরুর উপর ডিপেন্ড করবে। ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি পাবার পর প্রকল্পের প্রফিট ও মূল টাকা প্রদান করা হবে।

খামার ভিসিট: যে কোন সময় ইনভেস্টকৃত খামার ভিসিট করতে চাইলে আমাদেরকে জানালে আমরা ভিসিটের ব্যবস্থা করে দিব।